তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

## শাবিতে ভর্তি

**শাবিপ্রবি প্রতিনিধি ▷**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া আজ রবিবার সকাল ১০টা থেকে শুরু হচ্ছে। আবেদন করা যাবে আগামী ১০ নভেম্বর পর্যন্ত। ভর্তি কমিটির সদস্যসচিব অধ্যাপক ড. এ এইচ এম বেলায়েত হোসেন গতকাল শনিবার এসব তথ্য নিশ্চিত করেছেন। এবারের ভর্তি পরীক্ষা 'এ' ও 'বি' এই দুই ইউনিটে অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৬ নভেম্বর। ভর্তিসংক্রান্ত যেকোনো তথ্য ০১৫৫৫৫৫৫০০১-৪ হটলাইনে এবং www.sust.edu/admission ওয়েবসাইটে পাওয়া যাবে। এদিকে ভর্তি ফরমের বর্ধিত দাম কমাতে 'ভর্তি ফরমের মূল্যবৃদ্ধিবিরোধী শিক্ষার্থী মঞ্চ'র দেওয়া চার দিনের আলটিমেটাম শেষ হচ্ছে আজই। এ ব্যাপারে মঞ্চের মুখপাত্র ও সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাবেক আহ্বায়ক সরোয়ার তুষার বলেন, 'আমাদের আলটিমেটাম আজ শেষ হচ্ছে। আমরা আজকে সকাল সাড়ে ১১টার দিকে কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে মানববন্ধন ও সমাবেশ করব। প্রশাসন আমাদের দাবি না মানলে আমরা আরো কঠোর কর্মসূচি দেব।'

## ইবিতে ভর্তি

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। আগামী ৪ থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে পরীক্ষা। পূর্বনির্ধারিত তারিখ ছিল ১৯ থেকে ২৪ নভেম্বর। এ ছাড়া আবেদনের সময়সীমা আগামী ২০ অক্টোবর থেকে বাড়িয়ে ৩১ অক্টোবর পর্যন্ত করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির এক জরুরি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হারুন উর রশিদ আসকারি সভায় সভাপতিত্ব করেন। এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. শাহিনুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সেলিম তোহা, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় সভাপতিসহ ভর্তি পরীক্ষা কমিটির সদস্যরা। এ ব্যাপারে উপাচার্য হারুন বলেন, পাশাপাশি তারিখে বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা হবে। ভর্তীচ্ছুদের স্বার্থ বিবেচনা করে পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে।